

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ৪, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

উপজেলা-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১৯ আগস্ট ২০১৪

নং ৪৬.০৪৬.০১৮.০০.০০.০১৫.২০১২-৭৫৪—০২ জুন, ২০১৪ তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার) এর ১০৯তম বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী সরকার কর্তৃক খাগড়াছড়ি পার্বত্য জেলার মাটিরাঙ্গা উপজেলার (১) ৭নং গুইমারা ইউনিয়ন, মহালছড়ি উপজেলার (২) ৫নং সিন্দুকছড়ি ইউনিয়ন এবং রামগড় উপজেলার (৩) ৩নং হাফছড়ি ইউনিয়ন সমন্বয়ে স্থানীয় সরকার বিভাগের ১৯ আগস্ট, ২০১৪ তারিখের ৪৬.০৪৬.০১৮.০০.০০.০১৫.২০১২-৭৫৩ নং প্রজ্ঞাপনমূলে “গুইমারা” উপজেলা গঠনের পরিপ্রেক্ষিতে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪নং আইন) এর ৩(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার খাগড়াছড়ি পার্বত্য জেলার মাটিরাঙ্গা উপজেলার অবশিষ্ট মাটিরাঙ্গা পৌরসভা এবং ০৭টি ইউনিয়ন যথাঃ (১) মাটিরাঙ্গা, (২) বেলছড়ি, (৩) গোমতি, (৪) বড়নাল, (৫) তাইন্দং, (৬) আমতলী এবং (৭) তবলছড়ি ইউনিয়নের এতদসঙ্গে সংযুক্ত তফসিলে বর্ণিত মৌজাসমূহ সমন্বয়ে খাগড়াছড়ি পার্বত্য জেলার “মাটিরাঙ্গা” উপজেলা পুনর্গঠন করিল।

০২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আকরাম-আল-হোসেন

যুগ্ম-সচিব।

(১৮১০৩)

মূল্য ৳ টাকা ৪.০০

খাগড়াছড়ি জেলার মাটিরাঙ্গা উপজেলার নিম্নবর্ণিত তফসিলের ২নং কলামের ইউনিয়নসমূহ এবং ৩ নং কলামের মৌজাসমূহের সমন্বয়ে বিদ্যমান মাটিরাঙ্গা

উপজেলা :

তফসিল

ক্রমিক নং	ইউনিয়ন/ পৌরসভার নাম	মৌজার নাম ও নম্বর	জেএল নম্বর	বর্তমানে যে উপজেলার অন্তর্গত হবে
১	২	৩	৪	৫
(১)	মাটিরাঙ্গা পৌরসভা	১৯৬ মাটিরাঙ্গা মৌজা ২০১নং ধলিয়া মৌজা ২০৪নং আলুটিলা মৌজা ১৯৯নং বাইল্যাছড়ি মৌজা (আংশিক) (মাটিরাঙ্গা পৌরসভার ৮ ও ৯নং ওয়ার্ড)	১৯৬ ২০১ ২০৪ ১৯৯	মাটিরাঙ্গা উপজেলা
(২)	মাটিরাঙ্গা ইউনিয়ন	২০৩নং অভয়া মৌজা ২০৭নং ওয়াছু মৌজা ২০৬নং দলদলী মৌজা ২০৫নং তৈকাতাং মৌজা	২০৩ ২০৭ ২০৬ ২০৫	
(৩)	বেলছড়ি ইউনিয়ন	১৯৪নং চৌংড়াকাপা ১৮৬নং বেলছড়ি মৌজা ১৮৫নং অযোধ্যা মৌজা ১৮৮নং খেদাছড়া মৌজা	১৯৪ ১৮৬ ১৮৫ ১৮৮	
(৪)	গোমতি ইউনিয়ন	১৮৯নং গোমতি মৌজা ১৯০নং বান্দরছড়া মৌজা ১৯২নং মাকুমতৈছা মৌজা ১৯৩নং বাদলছড়া মৌজা ১৮৭নং গড়গড়িয়া মৌজা	১৮৯ ১৯০ ১৯২ ১৯৩ ১৮৭	
(৫)	বড়নাল ইউনিয়ন	১৮০নং বড়নাল মৌজা ১৮২নং তৈলাফাং মৌজা	১৮০ ১৮২	
(৬)	তাইন্দং ইউনিয়ন	১৯১নং তাইন্দং মৌজা ১৮৩নং আচালং মৌজা	১৯১ ১৮৩	
(৭)	আমতলী ইউনিয়ন	১৭৯নং আমতলী মৌজা ১৯৫নং বামা গোমতি মৌজা	১৭৯ ১৯৫	
(৮)	তবলছড়ি ইউনিয়ন	১৮৪নং বড়বিল মৌজা ১৮১নং তবলছড়ি মৌজা	১৮৪ ১৮১	

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd